

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)
নরসিংদী সদর, নরসিংদী
www.ddm.gov.bd

স্মারক নং: ৫১.০১.৬৮৬০.০২৮.৪১.১৫৮.২৩-৬৬৮

তারিখঃ ১৭-১২-২০২৪ খ্রি:

বিষয়: কম্বল ক্রয়ের কোটেশন আহ্বান প্রসংগে।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা), নরসিংদী সদর এর পত্র নং- ৫১.০১.৬৮৬০.০২৮.৪১.১৫৮.২৩-৬৩৭ তারিখঃ ১৭-১২-২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলমান শীত মৌসুমে গরীব ও দুঃস্থদের মধ্যে বিতরণের জন্য ২০২৪-২০২৫ অর্থ বছরে নরসিংদী সদর উপজেলায় বরাদ্দ প্রাপ্ত ৩,০০,০০০/- (তিন লক্ষ মাত্র) টাকার কম্বল ক্রয় করা হবে। কম্বল ক্রয়ের লক্ষে প্রকৃত ব্যবসায়ী/ সরবরাহকারীদের নিকট হইতে দরপত্র আহ্বান করা হচ্ছে। এমতাবস্থায় নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে কম্বল নমুনা সহ নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ০১। কম্বলের মাপ ৭'x ৫' এর কম হবে না, কম্বলের ওজন ১০০০ গ্রামের নিচে গ্রহণযোগ্য নহে।
- ০২। ক্রয়কৃত কম্বলে নিম্নোক্ত সিল ব্যবহার করতে হবে;

দুঃস্থদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

- ০৩। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে অবশ্যই দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৪। কোটেশন মূল্যের সাথে নমুনা হিসেবে একটি কম্বল প্রদান করতে হবে।
- ০৫। ১২-১২-২০২৪ খ্রি: তারিখ বেলা ১২.০০ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্সে স্ব-স্ব প্রতিষ্ঠানের সীলমোহর কৃত খামে দরপত্র দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ১২.৩০ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) সকল দরপত্র খোলা হবে।
- ০৬। সরবরাহকৃত কম্বলের মোট মূল্য হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট, আয়কর কর্তণ করা হবে। সরবরাহকৃত কম্বল এর বিল/ ভাওচার ক্রয় কমিটির সভাপতি বরাবরে জমা দান করতে হবে।
- ০৭। কম্বলের সরবরাহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা শাখা), নরসিংদী সদর, নরসিংদী তে পৌঁছাতে হবে। কোনরূপ পরিবহন খরচ দাবি করা যাবে না।
- ০৮। কোটেশন দাতার যোগ্যতার সমর্থনে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট নিবন্ধন সনদপত্র এবং আর্থিক সচ্ছলতার সমর্থনে ব্যাংকের বিবরণী দাখিল করতে হবে।
- ০৯। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল এবং পুন: দরপত্র আহ্বান করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ আশরাফুল ইসলাম খান
উপজেলা সমাজসেবা অফিসার,

ও
সভাপতি

কম্বল/শীতবস্ত্র ক্রয় কমিটি
নরসিংদী সদর, নরসিংদী।

স্মারক নং: ৫১.০১.৬৮৬০.০২৮.৪১.১৫৮.২৩-৬৬৮

তারিখঃ ১৭-১২-২০২৪ খ্রি:

অনুলিপি; সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রশাসক, নরসিংদী।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী।
- ০৩। জেলা ত্রান ও পুনর্বাসন অফিসার, নরসিংদী।
- ০৪। জেলা হিসাবরক্ষণ অফিসার, নরসিংদী।
- ০৫। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা শাখা), নরসিংদী সদর, নরসিংদী।
- ০৬। অফিস কপি।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার

ও
সদস্য সচিব

কম্বল/শীতবস্ত্র ক্রয় কমিটি
নরসিংদী সদর, নরসিংদী।

১৭.১২.২৪